



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৮.০৩২.০২.২০২১/ ১৬ -বিশেষ

তারিখ: ২৫/০৫/২০২৩ খ্রি.

বিষয়: ৪-১০ জুন ২০২৩ সময়কালীন ২৮তম “জাতীয় কৃষি নিয়ন্ত্রণ সপ্তাহ” পালন প্রসঙ্গে।


সূত্র: স্বা: অধি:/সিডিসি/ফাইলেরিয়া/STH/2005/Vol-6/৬৮৩০, তারিখ: ২১/০৫/২০২৩ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৫ মে ২০২৩ তারিখে স্বাস্থ্য অধিদপ্তরে অনুষ্ঠিত টেকনিক্যাল কমিটির সভায় এপ্রিল ২০২৩ -এর নির্ধারিত ২৮তম “জাতীয় কৃষি নিয়ন্ত্রণ সপ্তাহ” ৪ - ১০ জুন ২০২৩ সময়কালীন পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ যে, শিক্ষার্থীসহ ১২-১৬ বছর বয়সী বিদ্যালয়গামী ও বিদ্যালয় বহির্ভূত (পথ শিশু, কর্মজীবী শিশু, বিদ্যালয় হতে ঝড়ে পড়া শিক্ষার্থী) সকল শিশুকে শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিতির মাধ্যমে ১ ডোজ কৃষি নাশক ঔষধ (এলবেন্ডাজল ৪০০ মি.গ্রা.) সেবন করানো হবে। স্বাস্থ্য অধিদপ্তরের মতে, কৃষি নাশক ঔষধটি নিরাপদ এবং এটি শারীরিক ও মানসিক বৃদ্ধির সহায়ক হিসাবে কাজ করে।

২। এমতাবস্থায়, আগামী ৪-১০ জুন ২০২৩ সময়কালীন মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ের সরকারি-বেসরকারি সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২৮তম “জাতীয় কৃষি নিয়ন্ত্রণ সপ্তাহ” কার্যক্রম পালনের জন্য জেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ নিম্নবর্ণিত বিষয়সমূহ প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো:

- (ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ প্রধান শিক্ষকদের ৪-১০ মে ২০২৩ সময়কালীন মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ের সরকারি-বেসরকারি সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২৮তম “জাতীয় কৃষি নিয়ন্ত্রণ সপ্তাহ” কার্যক্রম পালনের জন্য নির্দেশনা প্রদান করবেন;
- (খ) সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ নিজ নিজ ক্লাস্টারের বিদ্যালয়সমূহে ২৮তম “জাতীয় কৃষি নিয়ন্ত্রণ সপ্তাহ” কার্যক্রমটি সুষ্ঠুভাবে প্রতিপালনের বিষয়টি নিবিড়ভাবে তত্ত্বাবধান করবেন;
- (গ) শিক্ষকগণ যেন স্বতঃস্ফূর্তভাবে উভয় কার্যক্রমে অংশগ্রহণ করেন সেদিকে লক্ষ্য রাখতে হবে। বিদ্যালয়ের সকল সহকারী শিক্ষকগণকে এ কর্মসূচীতে সম্পৃক্ত করতে হবে;
- (ঘ) স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রেরিত ছকে ২৮তম “জাতীয় কৃষি নিয়ন্ত্রণ সপ্তাহ” কার্যক্রমের তথ্য স্থানীয় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে সরবরাহ করতে হবে এবং এ বিষয় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার সঙ্গে সমন্বয় সাধন করতে হবে।

সংযুক্তি: স্বাস্থ্য অধিদপ্তরের পত্র।


(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)
পরিচালক (মাধ্যমিক)
ফোন নং- ০২-৯৫৫৪৫৬৫

জেলা শিক্ষা অফিসার

জেলা (সকল)।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০২. পরিচালক (রোগ নিয়ন্ত্রণ) ও লাইন ডাইরেক্টর, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
০৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
০৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
০৭. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/শিক্ষিকা,।
(মাধ্যমিক পর্যায়ের সকল সরকারি ও বেসরকারি স্কুল ও কলেজ)
০৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০. সংরক্ষণ নথি।